



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫/০৮/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস বিভিন্ন কর্মসূচির মাধ্যমে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন, কালো পতাকা উত্তোলন, সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণের কালো ব্যাজ ধারণ। সকাল ৮.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস. এম ইমামুল হক-এর নেতৃত্বে একটি শোক র্যালি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে শুরু করে ক্যাম্পাসের সম্মুখের মহাসড়ক হয়ে ক্যাম্পাসে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতির সামনে শেষ হয়। এ র্যালিতে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশগ্রহণ করেন। র্যালি শেষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে উপাচার্য মহোদয়, ট্রেজারার সহ উর্ধ্বতন শিক্ষক ও কর্মকর্তাদের নিয়ে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সেক্টর কমান্ডারস্ ফোরাম মুক্তিযোদ্ধা ৭১, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিভাগ সমূহ, অফিসার্স এসোসিয়েশন, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ, ৩য় শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ। এছাড়া সকাল ১১:০০ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। শুরুতে বঙ্গবন্ধু ও তাঁর পরিবার-পরিজনের যে সকল সদস্য ১৫ আগস্ট শাহাদাৎ বরণ করেছেন তাঁদের স্মরণে ১ মিনিট নিরবতা পালন করা হয়। সভায় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধু শুধু একজন মানুষ ছিলেন না, তিনি ছিলেন একটি আদর্শের নাম, একটি ইতিহাসের নাম। বঙ্গবন্ধু ও তাঁর আদর্শকে লালন করলে সে অন্যান্য করতে পারে না। তারা ভেবে ছিল তাঁকে হত্যা করে তাঁর আদর্শ মুছে দেয়া যাবে কিন্তু বাঙ্গালী জাতি তাঁর আদর্শকে আরও গভীর ভাবে বুকে ধারণ করেছে। বঙ্গবন্ধু ফিরে আসে প্রতিটি উৎসবে, আনন্দ-বেদনায়। তিনি মৃত্যুঞ্জয়ী। বঙ্গবন্ধু সারা বিশ্বে আমাদেরকে পরিচিত করেছেন। যারা স্বাধীনতা চায়নি, সেই একান্তরের পরাজিত শক্তির ঘৃণ্য সর্বনাশা চক্রান্তে বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করা হয়। এরকম জঘন্য হত্যাকাণ্ড পৃথিবীতে ঘটেনি। সমগ্র জাতি এ নৃসংশ হত্যাকারীদেরকে ঘৃণা করে। তিনি এদেরকে হটিয়ে বঙ্গবন্ধুর আদর্শকে সামনে নিয়ে সন্ত্রাস ও জঙ্গীবাদ মুক্ত সোনার বাংলা গড়ার প্রত্যয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহবান জানান। সভায় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সমাজবিজ্ঞান অনুষদের ডিন ড. মোঃ মুহসিন উদ্দীন, প্রক্টর মোঃ শফিউল আলম, শিক্ষক সমিতির সভাপতি মো. আরিফ হোসেন, সেক্টর কমান্ডারস্ ফোরাম মুক্তিযোদ্ধা ৭১-এর সভাপতি ড. হাসিনুর রহমান, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ড. মোঃ হুমায়ুন কবির, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের আহবায়ক মোহাম্মদ তানভীর কায়ছার, বাংলা বিভাগের প্রভাষক সানজিদা মাসুদ, বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদের সভাপতি সাযযাদ উল্লাহ মোঃ ফয়সাল এবং ছাত্রদের পক্ষ থেকে বক্তব্য রাখেন মোঃ মিজানুর রহমান ও সানজিদা আজাদ আন্নি। ৩য় শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সভাপতি মোঃ নাদিম মল্লিক ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদের সধারণ সম্পাদক মোঃ সেলিম। সভায় বঙ্গবন্ধুকে নিয়ে একটি কবিতা আবৃত্তি করেন ফিজিক্যাল ইন্সট্রাক্টর মো নূর ইসলাম। এরপর ১৫ আগস্ট নিহতদের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। সম্পূর্ণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম। সবশেষে বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদের উদ্যোগে কাঙ্গালীভোজের আয়োজন করা হয়। এর আগে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বঙ্গবন্ধু কর্মকর্তা পরিষদ ও অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে ক্যাম্পাসে বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-

(মো: দিদার হোসেন খান)

উপাচার্য মহোদয়ের প্রটোকল ও লিয়াঁজো অফিসার

ও

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বরিশাল বিশ্ববিদ্যালয়